



জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস-রিলিজ

তারিখঃ ১৩/১২/২০১৮খ্রিঃ

ববির ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের
স্নাতকোত্তর শ্রেণির ১১ শিক্ষার্থীর থিসিসের ডিফেন্স অনুষ্ঠিত

অদ্য ১৩ ডিসেম্বর ২০১৮ তারিখ সকাল ১১ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ের ভার্সুয়াল কনফারেন্স রুমে ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের স্নাতকোত্তর শ্রেণির ১১ শিক্ষার্থীর থিসিসের ডিফেন্স অনুষ্ঠিত হয়েছে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের ৭ বছরের ইতিহাসে এই প্রথমবারের মতো স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থীদের থিসিসের ডিফেন্স অনুষ্ঠিত হলো। উল্লেখ্য, বরিশাল বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থীদের থিসিস বাধ্যতামূলক করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষারমানকে আন্তর্জাতিক পর্যায়ে উন্নীতকরণের লক্ষ্যে এটা একটা অন্যতম প্রয়াস। ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের চেয়ারম্যানের সভাপতিত্বে এ অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক, বিভাগীয় শিক্ষকমন্ডলী, থিসিসের বাহ্যিক সুপারভাইজারবৃন্দ এবং বিভাগীয় শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস